আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও অতিথিদের উপস্থিতিতে আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক সহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক প্রধান শিক্ষক আফরোজা পারভীন ও সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, সহকারী শিক্ষক হাবিবুর রহমান।

এসময় বক্তব্য রাখেন, সহকারী শিক্ষক ফারহা হোসেন লিটন, রকিবুল ইসলাম, তুষার আহমেদ, ইব্রাহিম খলিল, রাফিউল ইসলাম, বশির আহমেদ, আবুল হাসান, শাহাজান খাতুন ও নার্গিস চৌধুরীসহ শিক্ষার্থী ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

বক্তারা তাদের বক্তব্যে বলেন, শাহিদা বানু একজন আদর্শ শিক্ষক হিসেবে দীর্ঘদিন নিষ্ঠা, সততা ও মমতার সঙ্গে শিক্ষার্থীদের আলোকিত করেছেন। তার অবদান বিদ্যালয়ের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

প্রধান অতিথি সহিদুল ইসলাম বলেন, একজন শিক্ষক অবসরে গেলেও তার শিক্ষা ও মূল্যবোধ সমাজে চিরদিন বেঁচে থাকে। শাহিদা বানু সেই উদাহরণ।

সংবর্ধনার একপর্যায়ে অবসরপ্রাপ্ত শিক্ষক শাহিদা বানুকে ফুল ও উপহার দিয়ে সম্মাননা জানানো হয়। পরে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের উদ্যোগে ফুলের গাড়িতে করে তাকে তার নিজ বাড়িতে

পৌঁছে দেওয়া হয়।

বিদায় মুহূর্তে শাহিদা বানু আবেগাপ্লুত কণ্ঠে বলেন, এই বিদ্যালয় ও সহকর্মীদের ভালোবাসা আজীবন মনে থাকবে। শিক্ষার্থীদের সাফল্যই ছিল আমার সবচেয়ে বড় প্রাপ্তি।